''শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ''

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শাখা: কারিগরি-১
www.tmed.gov.bd

নং ৫৭.০০.০০০০.০৫১.১১.০০১.২০১৭- ৭৮৭

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ
২২ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের ১০/০৪/২০১৭ তারিখে ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২১৪৮.১৭-৯৫ নং স্মারকে বর্ণিত সুপারিশক্রমে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ইঞ্জিনিয়ারিং কলেজসমূহের (সিলেট, ময়মনসিংহ ও ফরিদপুর) সহকারী অধ্যাপক (কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং) এর ০৪ (চার) টি অস্থায়ী পদে তাদের নামের পাশে লিখিত পদ ও জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী নিম্নবর্ণিত শর্তে নিয়োগ/পদায়ন করা হলো ঃ

| ক্রঃ নং | নাম, পিতার নাম ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী | নিয়োগকৃত পদ ও পদায়নকৃত প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|---|---|
| ১। | জনাব রওনক আরা চৌধুরী<br>পিতা- মোঃ আব্দুল কুদ্দুছ চৌধুরী<br>মাতা- মিসেস হেনা কুদ্দুছ চৌধুরী | গ্রাম + ডাকঘর: ভাটারা<br>থানা/উপজেলাঃ সরিষাবাড়ী<br>জেলাঃ জামালপুর। | ৩৫৫০০-৬৭০১০/-<br>(৬ষ্ঠ গ্রেডের ১ম শ্রেণির উচ্চতর পদ) | সহকারী অধ্যাপক (কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং)<br>ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ। |
| ২। | জনাব সুজিত বিশ্বাস<br>পিতা- নরেন্দ্রনাথ বিশ্বাস<br>মাতা- কবিতা রানী বিশ্বাস | গ্রামঃ রাজাপুর, ডাকঃ সুন্দলী<br>থানা/উপজেলাঃ অভয়নগর<br>জেলাঃ যশোর | ৩৫৫০০-৬৭০১০/-<br>(৬ষ্ঠ গ্রেডের ১ম শ্রেণির উচ্চতর পদ) | সহকারী অধ্যাপক (কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং)<br>ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ। |
| ৩। | জনাব খালেদা ফেরদৌসী<br>পিতা- মো: খসরু মিয়া<br>মাতা- হাসিনা আকতার বেগম | গ্রামঃ ১২৩, পশ্চিম আগারগাঁও<br>ডাকঃ মোহাম্মদপুর,<br>থানা/উপজেলাঃ শেরে বাংলানগর, জেলাঃ ঢাকা | ৩৫৫০০-৬৭০১০/-<br>(৬ষ্ঠ গ্রেডের ১ম শ্রেণির উচ্চতর পদ) | সহকারী অধ্যাপক (কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং)<br>ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ। |
| ৪। | জনাব মোহাম্মদ শামসুল ইসলাম<br>পিতা- মো: শহিদুল ইসলাম<br>মাতা- মাফিয়া বেগম | বাড়ী নং-৭, রোড নং-৩<br>গ্রামঃ নন্দীপাড়া, ডাকঃ বাসাবো<br>থানা/উপজেলাঃ খিলগাঁও,<br>জেলাঃ ঢাকা | ৩৫৫০০-৬৭০১০/-<br>(৬ষ্ঠ গ্রেডের ১ম শ্রেণির উচ্চতর পদ) | সহকারী অধ্যাপক (কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং)<br>সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ। |

**শর্তাবলী :**

(ক) তাকে সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে ;

(খ) তাকে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের সঙ্গে পরামর্শ ব্যতিরেকেই তাকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(গ) উপানুচ্ছেদ (ক) ও (খ)-এ উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন এবং শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাকে চাকরিতে স্থায়ী করা হবে;

(ঘ) উপানুচ্ছেদ (ক)-এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাকে একজন জামানতদারসহ ৩০০/- (তিন শত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ ভ্রমণভাতা/ অন্যান্য ভাতাদি ও তার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ তিনি ফেরত দিতে বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বণ্ড দাখিল করে তাকে প্রশিক্ষণে যেতে হবে;

(ঙ) তিনি যদি ইস্তফা প্রদান করেন, তবে সরকার কর্তৃক তা গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তার কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঘ) অনুযায়ী তার নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমাণ্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(চ) বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের নিয়োগ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে এবং প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ছ) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকার বদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(জ) চাকুরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিন শত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বণ্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঝ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকুরি সংক্রান্ত কোন বিষয় সরকারের প্রচলিত আইন, বিধি-বিধান, প্রজ্ঞাপন ও আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে;

(ঞ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সংবলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;

(ট) বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে এ সংক্রান্ত প্রচলিত বিধি-বিধান প্রযোজ্য হবে;

(ঠ) চাকরিতে যোগদানের জন্য কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

০২। বর্ণিত শর্তাবলি গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ১৫ মার্চ ২০১৮ খ্রি. তারিখ তাদের নামের পাশে বর্ণিত পদে ও কর্মস্থলে যোগদানের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং তার নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(সুবোধ চন্দ্র ঢালী)
উপসচিব
ফোনঃ ৯৫৮২০৫৫

**অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে**

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। ভারপ্রাপ্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৪। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন,ঢাকা।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন,ঢাকা।
৮। অধ্যক্ষ, সিলেট/ময়মনসিংহ/ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ।
৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
১০। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১১। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১২। জনাব ..........................................................................................................
১৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
১৪। অফিস নথি।

D:\Ousman\Sec-15\Poggapon (GO-40).doc